

# প্রথম আলো



প্রথম আলো (অনলাইন), ১৬ সেপ্টেম্বর ২০২২, প্রথম অংশ  
দেশে শিক্ষার হার বাড়লেও মান নিয়ে প্রশ্ন আছে:  
ফরাসউদ্দিন



অর্থনীতিবিদ মোহাম্মদ ফরাসউদ্দিন বলেছেন, 'আমাদের শিক্ষার হার অনেক বাড়লেও শিক্ষার মান নিয়ে যে প্রশ্ন আছে, তা অস্বীকার করার উপায় নেই।'

আজ শুক্রবার সকাল ১০টায় সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ফরাসউদ্দিন। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে '৫০ বছরে বাংলাদেশের অর্জন-প্রত্যাশা ও চ্যালেঞ্জ' শীর্ষক দুই দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করেছে সামাজিক বিজ্ঞান অনুষদ।

উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ। সম্মেলন আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক দিলারা রহমান স্বাগত বক্তব্য ও সদস্যসচিব জায়েদা শারমিন শুভেচ্ছা বক্তব্য দেন। উদ্বোধনী পর্বে বিশেষ অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালন করেন অর্থনীতি বিভাগের অধ্যাপক মুনতাহা রাকিব।

স্বাধীনতার ৫০ বছরে অনেক কিছুই অর্জন রয়েছে উল্লেখ করে মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, ইতিবাচক প্রবৃদ্ধি, খাদ্য উৎপাদন, মানব উন্নয়ন সূচকে সন্তোষজনক অগ্রগতি, বৈদেশিক মুদ্রা অর্জনে উর্ধ্বগতি, মাথাপিছু আয় বৃদ্ধিসহ অনেক ক্ষেত্রেই বাংলাদেশ অনুকরণীয়। আগামী দিনগুলোতে জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সে লক্ষ্যে সবাইকে কাজ করে যেতে হবে।

(Continue- See the Next Page)

# প্রথম আলো



প্রথম আলো (অনলাইন), ১৬ সেপ্টেম্বর ২০২২, দ্বিতীয় অংশ

বাংলাদেশ ব্যাংকের সাবেক এই গভর্নর আরও বলেন, 'দক্ষিণ এশিয়ায় অন্যান্য দেশের তুলনায় আমাদের আয়, সম্পদ, সুযোগ, বৈষম্য তুলনামূলকভাবে শোভনীয় আছে—তবে এতে আত্মপ্রসাদের কোনো অবকাশ নেই। বিশ্বের মধ্যে বাংলাদেশ একটি জনবহুল দেশ। এ জনশক্তিকে কাজে লাগাতে পারলে বাংলাদেশ অনেক দূর এগিয়ে যাবে।'

সভাপতির বক্তব্যে উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'আমাদের বিশ্ববিদ্যালয় একটি দুর্নীতিমুক্ত ও সুশাসনের বিশ্ববিদ্যালয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের গবেষণা বাজেট ৮ গুণ বাড়ানো হয়েছে, যা বিশ্ববিদ্যালয়ের মূল বাজেটের ৫ শতাংশ। এই বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটরা যেখানে যাচ্ছেন, সেখানেই ভালো করছেন। বিশ্বের বিভিন্ন দেশে স্বনামধন্য প্রতিষ্ঠানে এখানকার গ্র্যাজুয়েটরা কাজ করার সুযোগ পাচ্ছেন—এটা আনন্দের ও গর্বের।'

আয়োজকেরা জানিয়েছেন, সম্মেলনের দুই দিনে ১৪টি সশরীর ও দুটি ভার্চুয়াল সেশনে বাংলাদেশসহ ৮টি দেশের শতাধিক গবেষণাপত্র উপস্থাপন করা হবে। সম্মেলনে দেশ-বিদেশের কয়েক শ শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক অংশ নিচ্ছেন। তাঁরা গত ৫০ বছরে বাংলাদেশের অর্থনীতি, আর্থসামাজিক উন্নয়ন, সরকারি ও বেসরকারি খাতে সংস্কার, প্রযুক্তি ও উন্নয়ন, সংস্কৃতি বিনিময়, চ্যালেঞ্জ, ভাষা ও সাহিত্য, দক্ষিণ এশিয়া ও বাংলাদেশের ভূরাজনীতি, কোভিড-১৯, দারিদ্র্য, লিঙ্গবৈষম্য, টেকসই উন্নয়ন, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করবেন।

আগামীকাল শনিবার বিকেলে সম্মেলনের সমাপনী পর্ব অনুষ্ঠান হবে। ওই পর্বে প্রধান অতিথি হিসেবে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নানের উপস্থিতি থাকার কথা রয়েছে।